## নির্দেশাবলী

আপনার যদি মিশিগানের ড্রাইভার লাইসেন্স বা স্টেট আইডি থাকে, **তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অনলাইনে নিবন্ধন করতে পারবেন।**

**Michigan.gov/Vote**-এ প্রক্রিয়াটি শুরু করুন।

ভোট দিতে নিবন্ধিত হতে অথবা আপনার ঠিকানা ও নিবন্ধনের তথ্য হালনাগাদ করতে এই ফরমটি পূরণ করুন [১]।

1. অনুগ্রহ করে কালো বা নীল কালির কলম ব্যবহার করে সকল তথ্য স্পষ্টাক্ষরে লিখুন।
2. ফরমে স্বাক্ষর করুন।
3. এই ফরম আপনার শহর/টাউনশিপ ক্লার্কের অফিসে মেইল করুন বা জমা দিন। নির্বাচনের ১৪ দিন বা তার কম সময় থাকলে যে কোনো বিলম্ব এড়াতে এই ফরম ডাকে পাঠানো এড়িয়ে চলুন।

আপনার শহর/টাউনশিপ ক্লার্ক এবং আরো তথ্য সম্পর্কে জানুন **Michigan.gov/Vote** এই ঠিকানায়।

১নাম ও লিঙ্গ নির্ধারণ সংক্রান্ত পরিবর্তন অবশ্যই সেক্রেটারি অব স্টেট কার্যালয়ে গিয়ে সম্পন্ন করতে হবে।

---

মেইলের মাধ্যমে অথবা আপনার স্থানীয় ক্লার্কের অফিসে গিয়ে ভোট দিতে Michigan.gov/Vote-এ নিবন্ধন করুন। যদি ফরমটি ডাকযোগে পাঠান, তাহলে এতে অবশ্যই নির্বাচনের কমপক্ষে ১৫ দিন আগের ডাক সিল থাকতে হবে

**আপনি বসবাসের ঠিকানার প্রমাণসহ** আপনার শহর বা টাউনশিপ ক্লার্ক অফিসে গিয়ে নির্বাচনের দিনের আগ পর্যন্ত যেকোনো সময় নিবন্ধন করতে পারেন।

---

আপনার যদি মিশিগান ড্রাইভিং লাইসেন্স (DL) বা স্টেট আইডি (ID) থাকে, তাহলে আপনার DL বা আইডির ঠিকানাটি অবশ্যই আপনার ভোটার নিবন্ধন ঠিকানার সাথে মিলতে হবে।

যদি আপনি কখনোই মিশিগানে স্বশরীরে উপস্থিত হয়ে ভোট না দিয়ে থাকেন এবং এই ফরম ডাকযোগে পাঠাতে চান, **তাহলে পৃষ্ঠা ২-এর নির্দেশনাবলী দেখুন।** আপনার অতিরিক্ত আইডি পাঠানোর প্রয়োজন হতে পারে।

পৃষ্ঠা ২-এ আরো তথ্য পাওয়া যাবে।

# মিশিগান ভোটার নিবন্ধন আবেদন এবং ঠিকানা পরিবর্তন ফরম

ক্লিয়ার ফরম

** আপনি যদি ঠিকানার গোপনীয়তা কর্মসূচির একজন অংশগ্রহণকারী হন, তাহলে এই ফরমটি পূরণ করবেন না। অ্যাটর্নি জেনারেলের অধিদপ্তরে যোগাযোগ করুন। **

## যোগ্যতা

☐ হ্যাঁ ☐ না আমি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক।

ⓘ **আপনি যদি U.S-এর নাগরিক না হন, তবে এই ফরম পূরণ করবেন না।**

☐ হ্যাঁ ☐ না আমার বয়স কমপক্ষে ১৭.৫ বছর এবং আমি আমার বয়স ১৮ বছর হওয়ার পরই ভোট দিব।

## ড্রাইভার লাইসেন্স / স্টেট আইডি নম্বর

________________________________________

মিশিগানে-ইস্যুকৃত ড্রাইভারের লাইসেন্স / মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি নম্বর

**যদি আপনার মিশিগানে-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি না থাকে, তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি ডিজিট লিখুন:**

**XXX — XX —** ________________

☐ আমার কোনো বৈধ মিশিগানে-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি, অথবা কোনো সোশ্যাল সিকিউরিটি নম্বর নেই।

## ব্যক্তিগত তথ্য *আবশ্যক তথ্য

| নামের প্রথমাংশ* | নামের মাঝের অংশ | নামের শেষাংশ* |
|---|---|---|
| | | |

| জন্মতারিখ* (মাস/তারিখ/বছর) | ☐ নারী (f) ☐ পুরুষ (m) ☐ নন-বাইনারি (x) |
|---|---|
| | |

আপনি যেখানে থাকেন তার ঠিকানা – বাড়ি বা ভবন নম্বর ও সড়কের নাম*

| অ্যাপার্টমেন্ট/লট নং | শহর* | স্টেট* | জিপ* |
|---|---|---|---|
| | | **মিশিগান** | |

| ফোন নম্বর | ইমেইল |
|---|---|
| | |

চিঠি পাঠানোর ঠিকানা (আপনার বর্তমান ঠিকানা থেকে ভিন্ন হলে)

| শহর | স্টেট | জিপ |
|---|---|---|
| | | |

আপনার ফোন নম্বর ও ইমেইল ঠিকানা শুধুমাত্র অফিসিয়াল নির্বাচনের উদ্দেশ্যে ব্যবহার করা হবে।

## স্বাক্ষর

আমি প্রত্যয়ন করছি যে:

- আমি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক।
- আমি মিশিগানের বাসিন্দা এবং কমপক্ষে ৩০ দিন ধরে আমার সিটি/টাউনশিপে থাকার পরেই আমি ভোট দেব।
- আমার বয়স কমপক্ষে ১৭.৫ বছর এবং আমি আমার বয়স ১৮ বছর হওয়ার পরই ভোট দিব।
- আমি পূর্ববর্তী যেকোনো নিবন্ধন বাতিল করার অনুমতি দিচ্ছি।

মিথ্যা তথ্য প্রদানের শাস্তি অনুযায়ী আমি যে তথ্য দিয়েছি তা আমার জানামতে সত্য। যদি আমি কোনো মিথ্যা তথ্য প্রদান করে থাকি, তাহলে ফেডারেল বা স্টেট আইনের অধীনে আমাকে জরিমানা বা কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত করা হতে পারে।

________________________________________

স্বাক্ষর তারিখ

# মিশিগান ভোটার নিবন্ধন আবেদন এবং ঠিকানা পরিবর্তনের ফরমের নির্দেশনা

## যোগ্যতা - নিবন্ধন করতে, আপনাকে অবশ্যই:

- (নিবন্ধনের সময়) মিশিগানের বাসিন্দা এবং কমপক্ষে ৩০ দিনের জন্য আপনাকে শহর বা টাউনশিপের বাসিন্দা হতে হবে (ভোট দেওয়ার সময়)।
- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে।
- কমপক্ষে ১৭.৫ বছর বয়সী (ভোট দেওয়ার সময় ১৮) হতে হবে।
- বর্তমানে জেল বা কারাগারে সাজা ভোগ করছেন না এমন হতে হবে।

## বসবাসের ও চিঠি প্রেরণের ঠিকানা

আপনি শুধুমাত্র একটি জায়গায় ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন। আপনার যদি একাধিক বাসস্থান থাকে, তাহলে আপনি বর্তমানে যেখানে অবস্থান করছেন বা আপনি যে জায়গায় ফিরে আসতে চান, সেখানে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন। যেমন, কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীরা তাদের হোমটাউনে বা তাদের ক্যাম্পাসের ঠিকানায় নিবন্ধন করতে পারে, এবং নার্সিং হোমের অস্থায়ী আবাসিক পেশেন্ট বাসিন্দারা তাদের বাড়ির ঠিকানায় বা মেডিক্যাল ফ্যাসিলিটিতে নিবন্ধন করতে পারেন। আপনার যদি নিবন্ধিত বসবাসের ঠিকানা না থাকে, তাহলে আশ্রয়কেন্দ্র, রাস্তার মোড়, বা ল্যান্ডমার্ক আপনার বাড়ির ঠিকানা হিসেবে গ্রহণযোগ্য হবে।

আপনি যদি আপনার আবাসিক ঠিকানা (যেমন PO বক্স) ব্যতীত অন্য কোনো ঠিকানায় আপনার ভোটার নিবন্ধন বা ড্রাইভারের লাইসেন্স/স্টেট আইডি সংশ্লিষ্ট চিঠি পেতে চান তাহলে ফরমে নির্দেশিত স্থানে একটি চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করতে পারেন। আপনি যদি চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করেন, তাহলে এটি আপনার ভোটার তথ্য কার্ড বা ড্রাইভারের লাইসেন্স/স্টেট আইডিতে প্রদর্শিত হবে না।

## অপরাধমূলক দণ্ড এবং ভোট দেওয়ার জন্য নিবন্ধন

আপনার যদি অতীতে অপরাধমূলক দণ্ড থাকে এবং আপনি বর্তমানে জেল বা কারাগারে না থাকেন, তাহলে আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন। আপনি যদি কারাগারে থাকেন এবং বিচার বা শাস্তির অপেক্ষায় থাকেন, তবুও আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন। আপনি যদি বর্তমানে জেল বা কারাগারে সাজা ভোগ করছেন, তাহলে আপনি নিবন্ধন বা ভোট দিতে পারবেন না।

## আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে প্রদান করুন

পূরণকৃত আবেদনটি আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে ডাকে পাঠান অথবা সরাসরি প্রদান করুন। Michigan.gov/Vote-এ বা নিম্নলিখিত QR স্ক্যান করে আপনার ক্লার্কের ঠিকানা খুঁজুন।

SCAN ME

## ফেডারেল আবশ্যকীয়তা: প্রথমবারের মতো ডাকযোগে নিবন্ধনকারী ভোটার

**আপনি কি প্রথমবারের মতো মিশিগানে ভোট দিতে নিবন্ধন করছেন?**

যদি আপনি মিশিগানে কখনো ভোট না দিয়ে থাকেন এবং এই ফরমটি ডাকযোগে জমা দিতে চান, তাহলে আপনাকে অবশ্যই ফেডারেল সনাক্তকরণের আবশ্যকীয়তা পূরণ করতে হবে, যেমনটি নিচে ব্যাখ্যা করা হয়েছে।

সনাক্তকরণের প্রয়োজনীয়তা মেনে চলতে, আপনাকে অবশ্যই:

1. এই ফরমটিতে যেখানে চাওয়া হয়েছে সেখানে সঠিকভাবে আপনার স্টেট কর্তৃক ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স নম্বর বা স্টেট আইডি নম্বর লিখতে হবে।

   অথবা

2. যদি আপনার মিশিগানে-ইস্যুকৃত ড্রাইভার লাইসেন্স অথবা মিশিগানে-ইস্যুকৃত স্টেট আইডি না থাকে, তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি ডিজিট লিখতে হবে:

   অথবা

3. আপনার কাউন্টি, শহর বা টাউনশিপ ক্লার্কের কাছে এই ফরম পাঠানোর সময় সনাক্তকরণের নিম্নলিখিত ধরনের যেকোনো একটি প্রেরণ করতে হবে: সাম্প্রতিক ও বৈধ ছবিসহ পরিচয়পত্রের কপি (যেমন ড্রাইভারের লাইসেন্স বা যেকোনো স্টেট আইডি কার্ড) অথবা পে চেক স্টাব, ইউটিলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট, বা কোনো সরকারী কাগজপত্রের এক কপি যাতে আপনার নাম ও ঠিকানা তালিকাভুক্ত আছে।

*****চিঠির মাধ্যমে আইডির মূল কাগজপত্র পাঠাবেন না*****

যদি এই আবশ্যকীয়তা আপনার জন্য প্রযোজ্য হয় এবং আপনি উপরে চিহ্নিত তথ্য সরবরাহ না করে থাকেন তাহলে আপনি যে প্রথম নির্বাচনে অংশ নিতে চান সেখানে ভোট দেওয়ার আগে আপনাকে অবশ্যই একটি গ্রহণযোগ্য ধরনের সনাক্তকরণ সরবরাহ করতে হবে।

**দ্রষ্টব্য:** সনাক্তকরণের আবশ্যকীয়তা প্রযোজ্য নয় যদি আপনি: (১) এই ফরমটি ডাকযোগে অথবা ভোটার নিবন্ধন ড্রাইভ থ্রুর মাধ্যমে পাঠানোর পরিবর্তে স্বশরীরে আপনার কাউন্টি, শহর বা টাউনশিপ ক্লার্কের অফিসে প্রদান করেন, (২) অক্ষম হন, অথবা (৩) ফেডারেল ইউনিফর্মড এবং প্রবাসী নাগরিক অনুপস্থিত ভোটদান আইনের অধীনে ভোট দেওয়ার যোগ্য হন।

## কোনো প্রশ্ন আছে?

**আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার শহর বা টাউনশিপ ক্লার্কের সাথে যোগাযোগ করুন।**

আপনার শহর বা টাউনশিপ ক্লার্ক আপনার আবেদন গ্রহণ না করা পর্যন্ত এটি বৈধ নয়। যদি আপনার আবেদন গৃহীত হয়, তাহলে আপনার ক্লার্ক তিন সপ্তাহের মধ্যে আপনাকে একটি ভোটার তথ্য কার্ড পাঠাবেন। আপনি Michigan.gov/Vote ঠিকানায় গিয়ে আপনার ভোটার নিবন্ধনের স্ট্যাটাস যাচাই করতে পারেন।

Michigan.gov/VOTE

এই ফরমে সংগ্রহ করা ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য আপনার কার্যপ্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য যা প্রয়োজন তার মধ্যেই সীমাবদ্ধ। সরকারি কর্তৃপক্ষ হিসেবে, MDOS মিশিগান তথ্য স্বাধীনতা আইন (FOIA), MCL 15.231 এবং পরবর্তী অনুযায়ী বিধিবদ্ধ এবং FOIA-এর অনুরোধের সাড়াদান হিসেবে নাম বা ঠিকানার মতো তথ্য প্রকাশ করা যেতে পারে। অন্য যেসব উপায়ে আপনার তথ্য ব্যবহার করা হতে পারে তা জানতে, ভিজিট করুন https://www.Michigan.gov/SOS/Policies।